**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১৯/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১৯ ডিসেম্বর ২০১৭, ৫ পৌষ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রেড ক্রিসেন্টের অনুষ্ঠানে রাষ্ট্রপতি : দক্ষ যুবশক্তি গড়ে তোলার আহ্বান

২। সশস্ত্রবাহিনীকে আরো প্রযুক্তিসম্পন্ন করে গড়ে তোলা হবে : প্রধানমন্ত্রী

৩। তুরস্কের প্রধানমন্ত্রী ঢাকায় : প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে দ্বিপক্ষীয় বৈঠক আজ

৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনে মিয়ানমার প্রতিনিধিদল ঢাকায়

৫। মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ভারত ও রাশিয়ার নাগরিকদের সংবর্ধিত করলেন প্রধানমন্ত্রী

৬। যথাসময়ে পদ্মাসেতুর কাজ শেষ হবে : সেতুমন্ত্রী

৭। নতুন শিক্ষাবর্ষে বিনামূল্যে ৩৫ কোটি ৪৩ লাখ পাঠ্যবই দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৮। অভিবাসী শ্রমিকদের জন্য ইমিগ্রেশন জটিলতা কমিয়ে আনা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। সামাজিক নিরাপত্তাখাতে সাড়ে ২৪ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক

১০। ডিএসসিসি এলাকায় ৩ লাখ ৮২ হাজার শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে

চলমান পাতা-২

**১। রেড ক্রিসেন্টের অনুষ্ঠানে রাষ্ট্রপতি : দক্ষ যুবশক্তি গড়ে তোলার আহ্বান**

জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ মোকাবিলায় যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ যুবশক্তি গড়ে তুলতে এবং ব্যাপক জনসচেতনতা সৃষ্টি করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ১৩তম জাতীয় যুব রেড ক্রিসেন্ট ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। দক্ষ তরুণদের নিয়ে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে রাষ্ট্রপতি বলেন, সারাদেশে সোসাইটির কর্মকাণ্ড সম্প্রসারণ এবং মানবিক সহায়তা আরও বাড়াতে হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**২। সশস্ত্রবাহিনীকে আরো প্রযুক্তিসম্পন্ন করে গড়ে তোলা হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নানা সীমাবদ্ধতার মধ্যেও সশস্ত্রবাহিনীর উন্নয়নে সরকার সব ধরনের কার্যক্রম অব্যাহত রেখেছে। আগামীতে সামরিক সক্ষমতা বাড়াতে আরো আধুনিক ও প্রযুক্তিসম্পন্ন করে গড়ে তোলা হবে সশস্ত্রবাহিনীকে। গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) মিরপুর সেনানিবাসের ডিফেন্স সার্ভিসেস স্টাফ কলেজের শেখ হাসিনা কমপ্লেক্সে ন্যাশনাল ডিফেন্স কলেজ এবং আর্মড ফোর্সেস ওয়ার কোর্সের গ্র্যাজুয়েশন উৎসবের বক্তৃতায় প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

**৩। তুরস্কের প্রধানমন্ত্রী ঢাকায় : প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে দ্বিপক্ষীয় বৈঠক আজ**

তুরস্কের প্রধানমন্ত্রী বিনালি ইলিদিরিম তিনদিনের সফরে গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) ঢাকায় পৌঁছেছেন। রোহিঙ্গাদের অবস্থা সরেজমিন দেখার পাশাপাশি এ বিষয়ে দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সহযোগিতা নিয়ে আলোচনার লক্ষ্যে তিনি এ সফরে এসেছেন। আজ (১৯ ডিসেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তুরস্কের প্রধানমন্ত্রীর আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকের পর বাংলাদেশ ও তুরস্কের মধ্যে দু'টি সমঝোতাস্মারক স্বাক্ষরিত হবে। তুরস্কের প্রধানমন্ত্রী আগামীকাল (২০ ডিসেম্বর বুধবার) রোহিঙ্গাদের দেখতে কক্সবাজার সফরে যাবেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬)।

**৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনে মিয়ানমার প্রতিনিধিদল ঢাকায়**

রোহিঙ্গাদের প্রত্যাবাসনে যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের লক্ষ্যে গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) ঢাকায় এসেছেন মিয়ানমারের ছয়সদস্যের একটি প্রতিনিধিদল। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্থায়ী সচিব মিন্ট থো প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। মিয়ানমার প্রতিনিধিদলের সঙ্গে বাংলাদেশের নীতিনির্ধারণী পর্যায়ের মূল বৈঠকটি আজ (১৯ ডিসেম্বর মঙ্গলবার) রাষ্ট্রীয় অতিথি ভবন মেঘনায় অনুষ্ঠিত হবে। বৈঠকে পররাষ্ট্রসচিব এম শহীদুল হক বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৫। মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ভারত ও রাশিয়ার নাগরিকদের সংবর্ধিত করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের মহান স্বাধীনতাযুদ্ধে অবদান রাখা ভারত ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের বীর যোদ্ধা এবং তাঁদের স্ত্রীদের সংবর্ধনা দিয়েছেন। ৪৭তম বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে তাঁরা বর্তমানে বাংলাদেশ সফরে রয়েছেন। গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) গণভবনে আয়োজিত এ সংবর্ধনায়

ভারতের ২৭ জন বীর যোদ্ধা, তাঁদের স্ত্রী ও সন্তানেরা এবং রাশিয়ার ৪ জন বীর যোদ্ধা ও তাঁদের স্ত্রীরা যোগ দেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, 'আমরা সব সময়ই আপনাদের অবদানের কথা স্মরণ করি।' সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৫)।

**৬। যথাসময়ে পদ্মাসেতুর কাজ শেষ হবে : সেতুমন্ত্রী**

পদ্মাসেতুর কাজ পরিকল্পনা অনুযায়ী পুরোদমে এগিয়ে চলছে। যথাসময়ে পদ্মাসেতুর কাজ শেষ হবে। গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) ঢাকা-আরিচা মহাসড়কের সাভারের হেমায়েতপুরে পদচারীসেতু উদ্বোধনের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ কথা বলেন। এর আগে মহাসড়কের নবীনগরে আরও একটি পদচারীসেতুর উদ্বোধন করেন মন্ত্রী। দুটি পদচারীসেতুসহ হেমায়েতপুর বাসস্ট্যান্ড এলাকা আটলেনে উন্নীত করতে ১৮ কোটি টাকা খরচ হয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৯,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭)।

**৭। নতুন শিক্ষাবর্ষে বিনামূল্যে ৩৫ কোটি ৪৩ লাখ পাঠ্যবই দেওয়া হবে : শিক্ষামন্ত্রী**

নতুন শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের বিনামূল্যে ৩৫ কোটি ৪২ লাখ ৯০ হাজার ১৬২ কপি পাঠ্যবই দেওয়া হবে। আগামী বছরের প্রথম দিনই এ বই বিতরণ করা সম্ভব হবে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার্থীদের জন্য বিনামূল্যের প্রায় সব বই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পৌঁছে গেছে। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের ফলে দরিদ্র পরিবারের ছেলেমেয়েরাও স্কুলে আসছে বলে মন্তব্য করেন তিনি। গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) রাজধানীর মাতুয়াইলে বিনামূল্যে পাঠ্যপুস্তকের বিভিন্ন ছাপাখানা পরিদর্শনশেষে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৬)।

**৮। অভিবাসী শ্রমিকদের জন্য ইমিগ্রেশন জটিলতা কমিয়ে আনা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

অভিবাসী শ্রমিকদের জন্য ইমিগ্রেশন জটিলতা কমিয়ে আনা হবে এবং তারা যেন প্রতারণার শিকার না হন সেটি নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, অভিবাসী শ্রমিকদের যেন কোনো প্রতারণার শিকার না হতে হয়, সেজন্য ইমিগ্রেশনে নজরদারি থাকবে। বৈধ কর্মসংস্থান নিয়ে যারা বিদেশ যাবেন, তাদের ক্ষেত্রে যেন সহজে কাজটি সম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রাখা হবে। গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত 'আন্তর্জাতিক অভিবাসী দিবস' উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**৯। সামাজিক নিরাপত্তাখাতে সাড়ে ২৪ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক**

বাংলাদেশের সামাজিক নিরাপত্তাখাতে অতিরিক্ত ২৪ কোটি ৫০ লাখ মার্কিন ডলার সহায়তা দেবে দাতাসংস্থা বিশ্বব্যাংক। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় এক হাজার ৯৬০ কোটি টাকা। এ অর্থ ব্যয় করে দেশের সামাজিক নিরাপত্তায় চলমান বিভিন্ন কর্মসূচির সমতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে। সম্প্রতি বিশ্বব্যাংকের বোর্ডসভায় এ ঋণের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) সংস্থার ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

**১০। ডিএসসিসি এলাকায় ৩ লাখ ৮২ হাজার শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে**

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এলাকায় আগামী ২৩ ডিসেম্বর ৩ লাখ ৮২ হাজার শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। ওই দিন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ১ হাজার ৪৮৭টি কেন্দ্রে ২ হাজার ৯৭৪ জন স্বেচ্ছাসেবক ও ২৮৬ জন সুপারভাইজারের তত্ত্বাবধানে এ কর্মসূচি পালিত হবে। ডিএসসিসি মিলনায়তনে জাতীয় 'এ' প্লাস ক্যাম্পেইন উপলক্ষে গতকাল (১৮ ডিসেম্বর সোমবার) আয়োজিত এক ওরিয়েন্টেশন সভায় এ কথা জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** কুমিল্লা, জামালপুরের ইসলামপুর ও ঝিনাইদহ-কুষ্টিয়া-যশোর মহাসড়কের বেহাল দশা তুলে ধরে সারাদেশের সড়ক-মহাসড়কের উন্নয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহকে সক্রিয় হওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান, অবজারভার, নিউ নেশন, নিউ এজ :** প্রশ্ন ফাঁসের বিরুদ্ধে জিরো টলারেন্স দেখিয়ে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনিব্যবস্থা গ্রহণের আহ্বান।

গ. **প্রথম আলো :** শীতের কুয়াশায় এবং ফেরি ও ঘাটের স্বল্পতায় দৌলতদিয়া-পাটুরিয়া ফেরিঘাটে যাত্রীদের দুর্ভোগের চিত্র তুলে ধরে অবিলম্বে এ রুটের সবকটি ঘাটে এ সময়ে অনেক বেশি ফেরি চালু রাখার সুপারিশ।

ঘ. **সমকাল :** দরিদ্র-নিম্নবিত্ত মানুষের চিকিৎসাসেবায় সরকারি হাসপাতালের স্বাস্থ্যসেবার শতভাগ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** ব্যাংকিং ও আর্থিক খাতের বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও ঋণখেলাপি নিয়ে টিআইবি'র সুপারিশ আমলে নিয়ে ব্যাংকিং খাতে স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিত করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এসব বিশ্ববিদ্যালয় তত্ত্বাবধানের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা কোচিং ও নোটের ওপর বেশি নির্ভরশীল হয়ে পড়ায় কর্তৃপক্ষকে দ্রুত বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** চট্টগ্রাম মহানগরীর প্রায় চারশত কারখানায় গ্যাস সংকটে উৎপাদন ব্যাহত হওয়ায় সমস্যা সমাধানে দ্রুত পদক্ষেপের প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** প্রবাসী বাংলাদেশিকর্মী নিহতের ঘটনা বেড়ে যাওয়ায় সরকারকে এ ব্যাপারে দেশেই কর্মসংস্থানের ব্যবস্থা করে ঝুঁকিপূর্ণ বিদেশ গমন নিরুৎসাহিত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ভিত্তি শক্ত না হলে উচ্চশিক্ষার দরজা বন্ধ হয়ে পড়ার আশঙ্কা দেখা দেয় বিধায় শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনাই এখন সময়ের দাবি।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা